

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
পাইকগাছা, খুলনা

“সত্য মিথ্যা যাচাই  
আগে  
ইন্টারনেটে শেয়ার পরে”

‘ডিজিটাল বাংলাদেশ দিবস’ ২০১৯ উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভার কার্যবিবরণী

সভাপতি	জুলিয়া সুকায়না উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২৭ নভেম্বর, ২০১৯
সভার সময়	সকাল ১০.০০
স্থান	উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।
উপস্থিতি	পৃথক রেজিস্টারে সংরক্ষিত রয়েছে

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ দেশব্যাপী ৩য় বারের মত ‘ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯’ উদযাপিত হবে। সভায় উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে এবং পত্রের নির্দেশনা মোতাবেক পাইকগাছা উপজেলায় ১২ ডিসেম্বর ২০১৯খ্রি. তারিখ ‘ডিজিটাল বাংলাদেশ দিবস’-২০১৯ আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়। দিবসটি উপলক্ষে দিনব্যাপী বিভিন্ন অনুষ্ঠান যেমন র্য়ালী, সেমিনার চিত্রাংকন ও কুইজ প্রতিযোগিতা ইত্যাদি কার্যক্রম পরিচালিত হবে। এবারের প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করা হয়েছে

“সত্য মিথ্যা যাচাই আগে  
ইন্টারনেটে শেয়ার পরে”।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সকলের মতামতের প্রেক্ষিতে নিম্নোক্ত কর্মসূচী গ্রহণ করা হয়।

ক্রম	তারিখ ও সময়	কর্মসূচী	স্থান	বাস্তবায়নে
১	১১-১২-২০১৯ সকাল ১০.০০টা	কুইজ প্রতিযোগিতা ৬ষ্ঠ-১০ম শ্রেণী বিষয়ঃ ডিজিটাল বাংলাদেশ	উপজেলা পরিষদ মিলনায়তন	সংশ্লিষ্ট উপকমিটি
		চিত্রাংকন প্রতিযোগিতা ১ম-৫ম শ্রেণী বিষয়ঃ আমার চোখে ডিজিটাল বাংলাদেশ	উপজেলা পরিষদ মিলনায়তন	সংশ্লিষ্ট উপকমিটি
২	১২-১২-২০১৯ সকাল ৯.৪০টা	বর্ণাঢ্য র্য়ালী	উপজেলা পরিষদ চত্বর থেকে শুরু করে মূল সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হবে।	সংশ্লিষ্ট উপকমিটি
৩	১২-১২-২০১৯ সকাল ১০.০০টা	মূল অনুষ্ঠান সরাসরি প্রচার	উপজেলা পরিষদ মিলনায়তন, ইউনিয়ন পরিষদ	সংশ্লিষ্ট উপকমিটি, ইউপি চেয়ারম্যান (সকল)
৪	১২-১২-২০১৯ সকাল ১১.০০টা	“সত্য মিথ্যা যাচাই আগে ইন্টারনেটে শেয়ার পরে” বিষয়ক সেমিনার	উপজেলা পরিষদ মিলনায়তন	সংশ্লিষ্ট উপকমিটি

সভার বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়

১। কুইজ ও চিত্রাংকন প্রতিযোগিতায় প্রত্যেক প্রতিযোগিকে রজেষ্ট্রেশন ফরম পূরণের জন্য এককপি পাসপোর্ট সাইজ ছবি সংগে আনতে হবে।

২। র্য়ালী, সেমিনার, চিত্রাংকন এবং কুইজ প্রতিযোগিতায় ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা

অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ মূল অনুষ্ঠান সকাল ১০.০০ ঘটিকায় প্রজেক্টরের মাধ্যমে সরাসরি প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

‘ডিজিটাল বাংলাদেশ দিবস’-২০১৯ সৃষ্টি ও সুন্দরভাবে আয়োজনের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো-

১। উপজেলা নির্বাহী অফিসার	আহ্বায়ক
২। সহকারী কমিশনার (ভূমি)	সদস্য
৩। সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা	সদস্য
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য
৫। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার	সদস্য
৬। উপজেলা সমাজসেবা অফিসার	সদস্য
৭। উপজেলা যুব উন্নয়ন অফিসার	সদস্য
৮। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর	সদস্য সচিব

**র্যালী এবং সেমিনার পরিচালনা কমিটি:**

২। সহকারী কমিশনার (ভূমি)	আহ্বায়ক
৩। সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা	সদস্য
৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর	সদস্য

**কুইজ প্রতিযোগিতা পরিচালনা কমিটি:**

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাইকগাছা, খুলনা	আহ্বায়ক
২। উপজেলা সমাজসেবা অফিসার, পাইকগাছা, খুলনা	সদস্য
৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর	সদস্য

**চিত্রাংকন প্রতিযোগিতা পরিচালনা কমিটি:**

১। উপজেলা যুব উন্নয়ন অফিসার, পাইকগাছা, খুলনা	আহ্বায়ক
২। উপজেলা শিক্ষা অফিসার, পাইকগাছা, খুলনা	সদস্য
৩। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, পাইকগাছা, খুলনা	সদস্য

সংশ্লিষ্ট কমিটির আহ্বায়কগণ কমিটির অন্যান্য সদস্যদের সাথে আলোচনা করে ‘ডিজিটাল বাংলাদেশ দিবস’-২০১৯ সফল করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ‘ডিজিটাল বাংলাদেশ দিবস’-২০১৯ সফলভাবে উদযাপনের লক্ষে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভাপতি সভা সমাপ্তি ঘোষণা করেন।



জুলিয়া সুকায়না  
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭৬৪.০০০.৬২.০১২.১৯.৪২৩৩

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৬

০১ ডিসেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মাননীয় সংসদ সদস্য ১০৪, খুলনা-০৬
- ২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
- ৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাইকগাছা, খুলনা
- ৫) উপজেলা কর্মকর্তা (সকল), পাইকগাছা, খুলনা।
- ৬) অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার (শেখ রাসেল ডিজিটাল ল্যাব) প্রাপ্ত, পাইকগাছা, খুলনা।
- ৭) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), পাইকগাছা, খুলনা।

৮) ..... , পাইকগাছা, খুলনা।



জুলিয়া সুকায়না  
উপজেলা নির্বাহী অফিসার